



# নাবালক

বিধান মজুমদার

[Zoom In](#) | [Zoom Out](#) | [Close](#) | [Print](#) | [Home](#)

তিন জনেরই বয়স ষাট। তবু এই তিন বৃদ্ধের কথার সিনিয়রিটি নিয়ে চলে নিত্য চাপান-উতোর। কথার পৃষ্ঠে কথা সাজিয়ে প্রমাণ দাখিল করে। প্রিয়বাবু বলেন, আমার নাতি এবার বি. এ. ফাইনাল দিল। কথা চাপা দিয়ে রথীন বাবু বলেন, ফাইনাল দিয়েছে তো কী হয়েছে! আমার নাতনির সরকারি স্কুলে তিন বছর চাকরি হয়ে গেল...। লালবাবু অনেকটা সময় রয়ে সয়ে সবকথা শুনে বলেন, এসব কোন ছাড় .... আমার নাতনির বিয়েই হ'ল পাঁচ বছর। দু'বছর আগে নাতনির একটা ফুটফুটে ছেলেও হয়েছে।

উল্টো দিকের বেঞ্চে বসেছিল এক জোড়া প্রেমিক প্রেমিকা। প্রেমিক প্রেমিকার কাঁধে মুখ গুঁজে ফিল্‌ফিল্স করে কি যেন বলছে, অনেকক্ষণ ধরে। চোখে মুখে আর্তি। হঠাৎই প্রেমিকা ফুঁসে উঠে প্রেমিককে বলল, যতই পেড়াপিড়ি করো বিয়ের জন্য এখনও দু'বছর অপেক্ষা করতে হবে। তুমি এখনও নাবালক। নাবালকত্ব পরতে পরতে।

তিন বৃদ্ধ হঠাৎ কথা থামিয়ে মেয়েটির দিকে অস্থির দৃষ্টিতে তাকাতেই মেয়েটি মুচকি হেসে বলল, না-নাহ্ আমি আপনাদের বলি নি।

[Zoom In](#) | [Zoom Out](#) | [Close](#) | [Print](#) | [Home](#)

সৃষ্টিসন্ধান

Phone: 98302 43310  
email: editor@srishtisandhan.com